

রোগ পরিচিতি

ধানের বাকানী একটি পরিচিত রোগ। ছত্রাকজনিত এই রোগ গোড়া পঁচা বা সাদা ডাটা রোগ নামেও পরিচিত এবং পৃথিবীর প্রায় সকল ধান উৎপাদনকারী দেশেই এটি দেখা যায়। ১৯৫৩ সালে প্রথম এই রোগ বাংলাদেশে দেখা যায় এবং তখন থেকে সর্বত্রই এই রোগের বিস্তার ঘটে। দেশের উত্তর পূর্বাঞ্চলে এর প্রাদুর্ভাব বেশি। বিশেষতঃ সিলেট অঞ্চলে এটি একটি বড় সমস্যা। এ রোগের আক্রমণে ১৫% পর্যন্ত ফলন ঘাটতি হতে পারে। কোন কোন দেশে এই রোগ দ্বারা ৪০% পর্যন্ত ফলন ঘাটতির নজির পাওয়া গেছে।

বাকানী রোগের লক্ষণ

ধানের বাকানী রোগের লক্ষণ বীজতলা ও মূল ধানের জমিতে পরিলক্ষিত হয়। আক্রান্ত চারা বা গাছ লম্বা হয়ে যায় এবং কখনো কখনো সুস্থ গাছের চেয়ে দ্বিগুন লম্বা হয়ে যায়। এই গাছগুলো লিকলিকে হয় এবং ফ্যাকাশে সবুজ রঙ ধারণ করে। আক্রান্ত গাছ বেঁচে থাকলেও শেষ পর্যন্ত ছড়ায় ধান চিটা হয়ে যায়। কাণ্ডের গোড়ায় ১ম, ২য় ও ৩য় গিট বা পর্বসন্ধিতে অস্থানিক শিকড় গজায়। ধান গাছ যখন মারা যায় তখন গাছের নিচের দিকের অংশে সাদা বা গোলাপি বর্ণের ছত্রাক লক্ষ্য করা যায়। এই ছত্রাক হতে অসংখ্য স্পোর সৃষ্টি হয়।



আক্রান্ত বীজ

আক্রান্ত ও সুস্থ গাছ

আক্রান্ত গাছ

আক্রান্ত মাঠ

রোগ বিস্তার পদ্ধতি

বাকানী রোগটি রোগাক্রান্ত বীজের মাধ্যমে ছড়ায়। মাটি ও ফসলের পরিত্যক্ত অংশেও রোগজীবানু বেঁচে থাকে। মাঠে বীজ অঙ্কুরিত হওয়ার সময় ছত্রাক স্পোর বীজকে আক্রমণ করে। ফলে চারা গাছে বাকানির উপসর্গ দেখা দেয়। সাধারণত ঠান্ডা আবহাওয়ায় এই রোগ কম হয়। জমির তাপমাত্রা ৩০ ডিগ্রী সেন্টিগ্রেড এর বেশি হলে এই রোগের আক্রমণ বেড়ে যায়। মাটিতে অধিক মাত্রায় নাইট্রোজেন (ইউরিয়া) থাকলেও বাকানী রোগের দ্রুত বিস্তৃতি ঘটতে পারে।

দমন ব্যবস্থাপনা

- ▶ স্বাস্থ্যসম্মত ও রোগমুক্ত বীজ ব্যবহার
- ▶ পরিমিত মাত্রায় ইউরিয়া সার ব্যবহার
- ▶ আক্রান্ত গাছ সংগ্রহ করে পুঁড়িয়ে ফেলা
- ▶ আগাছা ও খড়কুটো পুঁড়িয়ে ফেলা
- ▶ রোগমুক্ত এলাকা হতে বীজ সংগ্রহ করা
- ▶ ব্যাভিস্টিন দ্বারা বীজ শোধন করা (প্রতি কেজি বীজে ৩ গ্রাম ব্যাভিস্টিন ঔষধ ভালভাবে মিশানো অথবা ১ লিটার পানিতে ৩ গ্রাম ব্যাভিস্টিন মিশিয়ে তাতে ধানের বীজ সারারাত ভিজিয়ে রাখা)
- ▶ বীজতলা সবসময় পানি দিয়ে ভিজিয়ে রাখা
- ▶ একই জমি বার বার বীজতলা হিসাবে ব্যবহার না করা

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brii.gov.bd

অধিবেশন ৩: মডিউল ১০

ফ্যাঙ্ক শীট ৬